

**মাধ্যমিকে ইংরেজি
বলা-শোনার
দক্ষতার ওপর
২০ নম্বর**

চালু হচ্ছে এ বছর থেকেই

নিজস্ব প্রতিবেদক >

মাধ্যমিক স্তরে স্কুল ও মাদ্রাসার শিক্ষার্থীদের ইংরেজিতে কথা বলা (স্পিকিং) এবং ইংরেজি কথোপকথন শুনে তা বোঝার দক্ষতার (লিসনিং) মূল্যায়ন পরীক্ষায় ২০ নম্বর নির্ধারণ করা হয়েছে। চলতি শিক্ষাবর্ষ থেকেই এ নিয়ম চালু হচ্ছে। ইংরেজি বিষয়ের পরীক্ষায় ইংরেজিতে স্পিকিংয়ের ওপর ১০ এবং লিসনিংয়ের ওপর ১০ নম্বরের পরীক্ষা দিতে হবে। শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্র এ কথা জানানো হয়েছে।

এখন শুধু শিক্ষাপ্রতিষ্ঠানের অভ্যন্তরীণ পরীক্ষায় এ মূল্যায়ন কার্যকর হবে, যা বার্ষিক পরীক্ষার মোট নম্বরের সঙ্গে যোগ করে গ্রেড নির্ধারণ করা হবে। পর্যায়ক্রমে জেএসসি, জেডিসি, এমএসসি ও দাখিল পরীক্ষায়ও স্পিকিং ও লিসনিংয়ের দক্ষতা পরীক্ষা চালু করা হবে। কোন পাবলিক পরীক্ষায় কবে থেকে এ নিয়ম চালু হবে, তা পরে জানানো হবে। গত ৩ মার্চ শিক্ষাসচিব নজরুল ইসলাম খান স্বাক্ষরিত পরিপত্রটি গত বুধবার জারি করা হয়েছে।

শিক্ষাসচিব নজরুল ইসলাম খান বলেন, বেশির ভাগ শিক্ষার্থীই প্রয়োজনীয় কথাবার্তা ইংরেজিতে বলতে পারে না। অন্যের কথাও বুঝতে পারে না। শিক্ষার্থীদের ইংরেজি বলা ও শোনার দক্ষতা বাড়াতে এ উদ্যোগ নেওয়া হয়েছে।

জানা যায়, জাতীয় শিক্ষাক্রম ২০১২ অনুযায়ী, ষষ্ঠ থেকে নবম-দশম শ্রেণির ইংরেজি প্রথম পত্র ইংলিশ ফর টুডে বিষয়ে শিক্ষার্থীদের ১০০ নম্বরের মূল্যায়নের ক্ষেত্রে লিসনিংয়ে ১০, স্পিকিংয়ে ১০, পড়ার জন্য (রিডিং) ৪০ এবং লেখার জন্য (রাইটিং) ৪০ নম্বর নির্ধারণ করা হয়েছে। তবে স্পিকিং ও লিসনিং এখনো মূল্যায়নের অন্তর্ভুক্ত করা হয়নি। শেখানোর ব্যবস্থা না থাকায় এটি কার্যকর করতে পারছে না।

বিদ্যালয়গুলো। পরিপত্রে বলা হয়, ইংলিশ ফর টুডে বইয়ে ৩৬টি শ্রবণ পাঠ্যসূচি জাতীয় শিক্ষাক্রম সমন্বয় কমিটি অনুমোদন করেছে। এখন শ্রেণিকক্ষে কম্পিউটার কিংবা মুঠোফোনের সঙ্গে অডিও ডিভাইস ব্যবহার করে শ্রবণবিষয়ক পাঠ্যসূচিগুলোর বিষয়ে পাঠদান করতে হবে। জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) প্রয়োজনে অন্যান্য সরকারি-বেসরকারি সংস্থার সহায়তায় ইলেকট্রনিক পদ্ধতিতে নির্দেশিত ম্যানুয়াল তৈরি করে এনসিটিবির ওয়েবসাইটে (www.nctb.gov.bd) এবং সরকারের শিক্ষক বাতায়নের (www.teachers.gov.bd) ওয়েবসাইটে আপলোড করবে। শিক্ষাপ্রতিষ্ঠানগুলো তা ডাউনলোড করে ব্যবহার করবে। সব বিদ্যালয় ও মাদ্রাসাকে নিজস্ব অর্থায়নে অডিও ডিভাইসের ব্যবস্থা করতে হবে।